



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০১৩.২০.১৬৪

তারিখঃ ১৪ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি


বিষয়ঃ কর্মচারী নিয়োগের লক্ষ্যে নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষা অনুষ্ঠান।

নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৭ জুলাই ২০২০ তারিখের ১৭.০০.০০০০.০১৬.১১.০০৯.২০.২৭০ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবেঃ

ক্রমিক	পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম
১	৩১ মার্চ ২০২৩ বিকাল ০৩.০০ টা হতে ০৪.০০ টা পর্যন্ত	অফিস সহায়ক
২	০৭ এপ্রিল ২০২৩ বিকাল ০৩.০০ টা হতে ০৪.০০ টা পর্যন্ত	কম্পিউটার অপারেটর
৩		সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর
৪		সীটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর
৫		উচ্চমান সহকারী
৬		হিসাব সহকারী
৭		স্টোর কিপার
৮		অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

২. পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

- সকল পদের প্রবেশপত্র <http://ecs.teletalk.com.bd> এই ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। সংশ্লিষ্ট প্রার্থী User ID এবং Password ব্যবহার করে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রবেশপত্রটি পরীক্ষার দিন, লিখিত/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সাথে আনতে হবে। কারণ যাই হোক না কেন প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- পরীক্ষার্থীকে জাতীয় পরিচয়পত্রের মূলকপি সাথে আনতে হবে।
- পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরুর পর কোন প্রার্থীকে হলে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষার কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি ক্যালকুলেটর এবং ইলেক্ট্রনিক কার্ড/ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- হাজিরা তালিকা এবং উত্তরপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে।
- পরীক্ষায় অসুদপায় অবলম্বন ও অসদাচরণের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিস্কার করা হবে। প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষা কেন্দ্রের তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) পাওয়া যাবে।

  
মোঃ রফিকুল ইসলাম

উপসচিব (জনবল)

ও

সদস্য-সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি।